

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৫২০

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: পিরোজপুর জেলার জয়কুল আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও সংযুক্ত কারিগরি স্কুল এন্ড কলেজের এম.পি.ও.ভুক্তি সংক্রান্তে ইস্যুকৃত জি.ও.র বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে

সূত্র: অধ্যক্ষ, জয়কুল আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও সংযুক্ত কারিগরি স্কুল এন্ড কলেজ, কাউখালী, পিরোজপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার কাউখালী উপজেলার জয়কুল আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও সংযুক্ত কারিগরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। তিনি জানান বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও ভুক্তি সংক্রান্তে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৯.০৫.২০০২ তারিখের শা:৪/১জি-৭/২০০০/১৫৫ নং স্মারকে জারিকৃত জি.ও. পত্রে বিএম শব্দটি সংযোজন না থাকায় কারিগরি শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা বোর্ড হতে দাপ্তরিক কার্যাদি সম্পাদনে সমস্যার সৃষ্টি হচ্ছে। তিনি বিষয়টি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেছেন।

২.০ এমতাবস্থায়, অধ্যক্ষ, জয়কুল আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও সংযুক্ত কারিগরি স্কুল এন্ড কলেজ, কাউখালী, পিরোজপুর কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে মতামতসহ প্রতিবেদন আগামী ১০(দশ) কর্ম দিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

২৬-১২-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৫২০/১(৩)

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) অধ্যক্ষ, জয়কুল আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও সংযুক্ত কারিগরি স্কুল এন্ড কলেজ, কাউখালী, পিরোজপুর।



২৬-১২-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব